

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৫৪

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২) নামায আদায় করার পর পরবর্তী নামাযের জন্য অপেক্ষা করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في انتظار الصلاة بعد الصلاة

আরবী

(صحيح) وَعَنْ عقبة بن عامر رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أنه قال القاعد على الصلاة كالقانت ويكتب من المصلين من حين يخرج من بيته حتى يرجع إليه.

رواه ابن حبان في صحيحه

বাংলা

৪৫৪. (সহীহ্) উকবা বিন আমের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "নামাযের জন্য অপেক্ষায় বসে থাকা ব্যক্তি নামাযরত ব্যক্তির মতো ছোয়াবের অধিকারী।[1] সে যখন বাড়ী থেকে বের হয় তখন থেকে নিয়ে বাড়ী ফিরে আসা পর্যন্ত (পুরাটা সময়) তার নাম মুছল্লীদের মধ্যে অন্তর্ভুক্ত করে লিখা হয়।"

(ইবনে হিব্বান ২০৩৬ হাদীছটি বর্ণনা করেছেন, আহমাদ ৪/১৫৭)

তবে আহমাদ প্রমূখ হাদীছটি আরো দীর্ঘভাবে বর্ণনা করেছেন। তাঁর বর্ণনায় এসেছেঃ

والقاعد يرعى الصلاة كالقانت

''নামাযের উদ্দেশ্যে উপবিষ্ট ব্যক্তি নফল নামায আদায়কারী ব্যক্তির বরাবর ছোয়াবের অধিকারী।''

ফুটনোট

[1] . অর্থাৎ নামাযের অপেক্ষায় যতক্ষন বসে থাকবে ততক্ষন দাঁড়িয়ে নামায আদায়কারীর ন্যায় ছোয়াব পেতে থাকবে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন